



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/27/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল আন্তর্জাতিক হলোকাস্ট স্মরণ দিবস উপলক্ষে নিউ ইয়র্কের ল্যান্ডমার্ক আলোকিত করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে আন্তর্জাতিক হলোকাস্ট স্মরণ দিবস (International Holocaust Remembrance Day) উপলক্ষে, আজ 27 জানুয়ারি রাতে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহকে হলুদ আলোয় আলোকিত করা হবে। অসউইচ-বিরকেনাউ (Auschwitz-Birkenau) স্বাধীন হওয়ার বর্ষপূর্তিতে পালিত হওয়া আন্তর্জাতিক হলোকাস্ট স্মরণ দিবস হলোকাস্টের শিকার ব্যক্তিদের স্মৃতিকে শ্রদ্ধা জানায়, হলোকাস্টের ফলে ইহুদিদের এক তৃতীয়াংশ এবং অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠীর কয়েক মিলিয়ন সদস্য প্রাণ হারায়।

"এই গভীর দিনে নিউ ইয়র্কবাসীরা হলোকাস্টের সময় প্রাণ হারানো কয়েক মিলিয়ন মানুষের স্মরণে ইহুদি সম্প্রদায়ের পাশে দাঁড়াবে," **গভর্নর হোকল বলেন।** "ষাদের হত্যা করা হয়েছে তাদের আমরা চিরদিন স্মরণে রাখবো এবং আমরা আমাদের স্টেটে ইহুদি বিরোধিতা এবং সকল প্রকার ঘৃণা নির্মূল করার প্রতিজ্ঞা গ্রহণ করছি। এই ঘটনার শিকার, ভুক্তভোগী এবং তাদের পরিবারের কাছে এটি আমাদের ঋণ।"

আন্তর্জাতিক হলোকাস্ট স্মরণ দিবস উপলক্ষে যেই ল্যান্ডমার্কসমূহ আলোকিত হবে তা হলো:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- ন্যায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি খালের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)
- ময়নিহান ট্রেন হল

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418